**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০১৫৬.২৫.৯৮৩

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২১ মে ২০২৬

**বিষয় : ২০২৫-২৬ অর্থবছরে চট্টগ্রাম জেলা পরিষদের রাজস্ব তহবিল (৩য় পর্যায়)-এর আওতায় প্রকল্প অনুমোদন।**

সূত্র : স্মারক নং: ৪৬.৪২.১৫০০.০০০.০০২.৪১.০২৬০.২৫.৭৬২২, তারিখ: ২৬-০৪-২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে চট্টগ্রাম জেলা পরিষদের রাজস্ব তহবিল (৩য় পর্যায়)-এর আওতায় ৮৯৫.০০ লক্ষ (আট কোটি পঁচানব্বই লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৭৫টি প্রকল্পের মধ্যে নিম্নোক্ত ছকে উল্লিখিত ৯৮.০০ (আটানব্বই) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০৪টি প্রকল্পের বিষয়ে ছকের ৪নং কলামে উল্লিখিত তথ্যসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

| ক্রম | প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক নম্বর | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | ২৬, ২৭ ও ৩০ | ৫৮.০০ | কলাম-২-এ উল্লিখিত প্রকল্প তিনটি চট্টগ্রাম জেলা পরিষদ টাওয়ার উন্নয়ন সংক্রান্ত। প্রকল্প তিনটি অনুমোদনের পূর্বে নিম্নোক্ত তথ্যাদি জানা প্রয়োজন :<br>(ক) জেলা পরিষদ টাওয়ারের অফিসের কাজে কতটি ফ্লোর বা কোন্ কোন্ ফ্লোর ব্যবহৃত হয়?<br>(খ) বাণিজ্যিক কাজে কতটি ফ্লোর ব্যবহৃত হয়?<br>(গ) টাওয়ারটি কত সালে নির্মিত হয়? টাওয়ারটি ঠিকাদার কর্তৃক কত সালে জেলা পরিষদের কাছে হস্তান্তর করা হয়েছে?<br>(ঘ) টাওয়ার নির্মাণের সময় প্রাক্কলন ও ডিজাইনে কেন কলাম-২-এ উল্লিখিত প্রকল্প তিনটির কাজ রাখা হয়নি?<br>(ঙ) মূল প্রাক্কলন ও ডিজাইনের বাইরে কতটি প্রকল্প অদ্যাবধি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে?<br>(চ) বাণিজ্যিক প্রতিষ্ঠানে অফিস কার্যক্রম পরিচালনার কারণ কী? বাণিজ্যিক টাওয়ারে অফিসের পরিবেশ ও নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে কি না? হলে তা কিভাবে নিশ্চিত করা হয়েছে?<br>(ছ) মার্কেট বা বাণিজ্যিক প্রতিষ্ঠান সেলামির অর্থে নির্মাণের বিধান রয়েছে। চট্টগ্রাম জেলা পরিষদ টাওয়ার সম্পূর্ণ সেলামির অর্থে নির্মিত হয়েছে কি না? না হলে কোন্ বিধিবিধানের আলোকে নির্মিত হয়েছে? |
| ২. | ২৮ | ৪০.০০ | (ক) পাবলিক টয়লেট জেলা পরিষদের ভূমিতে নির্মাণ করা হচ্ছে কি না?<br>(খ) এটি কিভাবে পরিচালনা করা হবে? কে পরিচালনা করবে? কিভাবে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জনস্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করা হবে?<br>(গ) এটি বিনামূল্যে ব্যবহারের লক্ষ্যে সকলের জন্য উন্মুক্ত থাকবে কি না? না কি এটি জেলা পরিষদের রাজস্ব আয়বর্ধক প্রকল্প? |

০২। উপর্যুক্ত ০৪টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (২৭৫-৪)=২৭১টি প্রকল্প (৮৯৫.০০-৯৮.০০)=৭৯৭.০০ লক্ষ (সাত কোটি সাতানব্বই লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

শর্তাবলি:

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ/রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;

০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;

০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;

০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং

০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

২১/০৫/২০২৬

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইল: lgzp@lgd.gov.bd

বিতরণ :

১. প্রশাসক, জেলা পরিষদ, চট্টগ্রাম;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম।

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০১৫৬.২৫.৯৮৩/১(৬)

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২১ মে ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

২১/০৫/২০২৬

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব